

হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৩৭৯

২৭/ আদব

পরিচ্ছেদঃ মাথার কিছু অংশ মুণ্ডন করা ও কিছু অংশ ছেড়ে রাখা অবৈধ। পুরুষ সম্পূর্ণ মাথা মুণ্ডন করতে পারে; কিন্তু নারীর জন্য তা বৈধ নয়

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ جَعْفَرٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا : أَنَّ النَّبِيَّ ﷺ أَمَهَلَ آلَ جَعْفَرٍ ثَلَاثًا ثُمَّ أَتَاهُمْ فَقَالَ لَا تَبْكُوا عَلَى أَخِي بَعْدَ الْيَوْمِ ثُمَّ قَالَ ادْعُوا لِي بَنِي أَخِي فَجِئَ بَنَّا كَانْنَا أَفْرُخُ فَقَالَ ادْعُوا لِي الْحَلَّاقَ فَأَمَرَهُ فَحَلَّقَ رُوُسَنَا رَوَاهُ أَبُو دَاوُدَ بِإِسْنَادٍ صَحِيحٍ عَلَى شَرَطِ الْبُخَارِيِّ وَمُسْلِمٍ

বাংলা

(৩৩৭৯) আব্দুল্লাহ ইবনে জা'ফর (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জা'ফরের পরিবারকে (তার শাহাদৎ বরণের সময় শোক পালনের উদ্দেশ্যে) তিনদিন পর্যন্ত অবকাশ দিয়েছিলেন। তারপর তিনি তাদের কাছে এসে বললেন, তোমরা আজ থেকে আমার ভাইয়ের জন্য কান্না করবে না। তারপর বললেন, আমার জন্য আমার ভাইপোদেরকে ডেকে দাও। সুতরাং আমাদেরকে (রসূলল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে) এমন অবস্থায় উপস্থিত করা হল, যেন আমরা পাখীর ছানা। অতঃপর তিনি বললেন, "নাপিড ডেকে নিয়ে এসো। (সে উপস্থিত হলে) তাকে (আমাদের চুল কামানোর জন্য) আদেশ করলেন। সে আমাদের মাথা নেড়া করে দিল।

ফুটনোট

(আবু দাউদ ৪১৯৪, বুখারী-মুসলিমের শর্তানুযায়ী বিশুদ্ধ সনদসূত্রে)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহিদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু জা'ফর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67127>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন